

সুরক্ষা ভিসা

সুরক্ষা ভিসার উপর আলোচনা পরিবর্তন করুন



সুরক্ষা ভিসা (সাবক্লাশ ৮৬৬) হল প্রকৃত আশ্রয়প্রার্থীদের জন্য যারা তাদের দেশে ঔরুতর ঝুঁতি বা নিমীড়নের প্রকৃত ঝুঁকিতে রয়েছেন।

সুরক্ষা ভিসার জন্য আবেদন করার কথা ভাবছেন এমন ব্যক্তিদের জন্য অস্ট্রেলিয়ান সরকার এখন **বিনামূল্যে আইনি পরামর্শ প্রাওয়ার সুযোগ** দিচ্ছে। এই পরামর্শটি সন্তান্য আবেদনকারীদের তারা যোগ্য কিনা তা খুঁজে বের করতে সহায়তা করবে এবং অনিবার্ক্ত মাইগ্রেশন পরামর্শদাতাদের কাছ থেকে সন্তান্য ভুল পরামর্শ নেয়ার ঝুঁকি হ্রাস করবে।

যারা সুরক্ষা ভিসার জন্য আবেদন করার কথা ভাবছেন তাদের জন্য এই তথ্য পত্রটি প্রযোজনীয় তথ্য এবং ঔরুত্তপূর্ণ বিবরণ সরবরাহ করে।

তথ্যগুলো কী?



সুরক্ষা ভিসা প্রকৃত আশ্রয় প্রার্থীদের জন্য – যারা কেবল কাজ করার উদ্দেশ্যে অস্ট্রেলিয়ায় থাকতে চান, সুরক্ষা ভিসা তাদের জন্য নয়।



সুরক্ষা ভিসার আবেদনে মিথ্যে তথ্য প্রদান করলে, আপনার **জেল এবং বড় অংকের জরিমানা** হতে পারে।



যদি আপনার সুরক্ষা ভিসার আবেদন প্রত্যাখ্যাত হয়, তাহলে আপনার বা আপনার পরিবারের মক্ষে **অস্ট্রেলিয়ায় ফিরে আসা** আরও কঠিন হয়ে পড়তে পারে।



গড়ে **৮৫%** এরও বেশি সুরক্ষা ভিসা প্রত্যাখ্যাত হয়।



আপনি কিসের জন্য আবেদন করছেন এবং কী তথ্য দেওয়া হচ্ছে তা না বুঝেই কাউকে আপনার জন্য সুরক্ষা ভিসার আবেদন করতে **দেবেন না**।



আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার আবেদনপত্রের সবকিছুই সত্য, এমনকি যদি অন্য কেউ আপনার হয়ে এটি পূরণ করেও থাকে।

যোগাতা

সুরক্ষা ভিসা সেইসব ব্যক্তিদের (বা তাদের পরিবারের সদস্যদের) জন্য, যারা দেশে ফিরে গেলে প্রকৃত অর্থ ঔরুতরভাবে ঝুঁকিগ্রস্ত হওয়ার ঝুঁকিতে পড়বে অথবা যাদের নিম্নোক্ত কারণে নিমীড়িত হওয়ার অত্যন্ত সন্তান্য আছে:

- জাতি
- ধর্ম
- জাতীয়তা
- নিদিষ্ট কোনো সামাজিক গোষ্ঠীর সদস্যপদ অথবা
- রাজনৈতিক মতাদর্শ

ভূয়া তথ্য

অস্ট্রেলিয়া এবং বিদেশে বসবাসরত লোকদের সুরক্ষা ভিসা প্রদান সম্পর্কে প্রচুর ভূয়া তথ্য দেয়া হয়, যা সুরক্ষা ভিসার আবেদনকারী এবং তাদের পরিবারের জন্য ঔরুতর পরিণতি বয়ে নিয়ে আসতে পারে। সুরক্ষা ভিসা আশ্রয় প্রার্থীদের জন্য যারা কেবল কাজ করার উদ্দেশ্যে অস্ট্রেলিয়ায় দীর্ঘদিন থাকতে চান, তাদের জন্য সুরক্ষা ভিসা নয়।

সাম্প্রতিক বছরগুলির তুলনায় বেশিরভাগ নতুন সুরক্ষা ভিসার আবেদন এখন প্রায় **৮ ঔন্ত** গতিতে নিষ্পত্তি করা হচ্ছে।

মিথ্যা কিংবা বিভ্রান্তির তথ্য প্রদান

এটা বোধ্য ঔরুত্তপূর্ণ যে আপনি যদি সুরক্ষা ভিসার আবেদনে ভূয়া কাগজপত্র প্রদান করেন বা মিথ্যা কিংবা বিভ্রান্তির তথ্য দেন, তাহলে **আপনার বড় অংকের জরিমানা** এবং **১০ বছর পর্যন্ত জেল** হতে পারে।

আপনার সুরক্ষা ভিসার আবেদন যদি প্রত্যাখ্যাত হয়

যদি আপনার সুরক্ষা ভিসার আবেদন প্রত্যাখ্যাত হয় এবং যদি আপনার কোন বৈধ ভিসা না থাকে, তাহলে আপনাকে অস্ট্রেলিয়া থেকে চলে যাবে হবে। যদি আপনার বৈধ ভিসা না থাকে তবে অস্ট্রেলিয়ান বর্ডার ফোর্স আপনাকে আটক করে দেশে ফেরত পাঠাবে পারে।



সুরক্ষা ভিসা

সুরক্ষা ভিসার উপর আলোচনা পরিবর্তন করুন

একজন শরণার্থী এবং অভিবাসন বিষয়ক বিশেষজ্ঞ আইনজীবীর কাছ থেকে [বিনামূলে আইনি পরামর্শ](#) না নিয়ে সুরক্ষা ভিসার জন্য আবেদন করবেন না।



নিম্নের বিষয়গুলো মনে রাখবেন

- আপনার স্টেট বা টেরিটরিতে একজন শরণার্থী এবং অভিবাসন বিষয়ক বিশেষজ্ঞ আইনজীবীর কাছ থেকে [বিনামূলে আইনি পরামর্শ](#) নিন
- সুরক্ষা ভিসা সম্পর্কে আরও তথ্য জানতে, homeaffairs.gov.au/protection ওয়েবসাইট দেখুন
- আপনার অভিবাসন সংক্রান্ত পরামর্শ বৈধ কিনা তা নিশ্চিত হতে [অফিস অফ দ্য মাইগ্রেশন এজেন্টস রেজিস্ট্রেশন অথরিটি \(OMARA\)](#) এর ওয়েবসাইটে গিয়ে একজন নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট খুঁজুন
- নিজেকে এবং আপনার সম্প্রদায়কে সুরক্ষিত রাখুন। নিজের নাম পরিচয় গোপন রেখে [অনিবন্ধিত মাইগ্রেশন পরামর্শদাতাদের সম্পর্কে অস্ট্রেলিয়ার বর্ডার ওয়াচ](#) এ রিপোর্ট করুন
- বিকল্প ভিসা পত্র** আপনার জন্য উপযুক্ত কিনা তা খুঁজে বের করুন, হাম আফেয়াস এর ওয়েবসাইটে [ভিসা ফাইভার ওয়েবপেজ](#) দেখুন



প্রত্যাখ্যাত আবেদনের পরিণতি

প্রত্যাখ্যাত সুরক্ষা ভিসার আবেদন আপনার ইমিগ্রেশন রেকর্ডে থেকে যায়, যা আপনার এবং আপনার পরিবারের পক্ষে ভবিষ্যতে অস্ট্রেলিয়ায় আসাকে আরও কঠিন করে তুলতে পারে। আপনি কোন ধরনের ভিসার জন্য আবেদন করছেন তার উপর নির্ভর করে এটি বিশ্বের অন্যান্য দেশে ভবিষ্যতের ভিসার আবেদনগুলিকে প্রভাবিত করতে পারে। অস্ট্রেলিয়ায় থাকাকালীন আপনাকে অন্যান্য বেশিরভাগ ভিসার জন্য আবেদন করার অনুমতি দেওয়া হবে না।

মাইগ্রেশন এজেন্ট

অস্ট্রেলিয়ায়, [অফিস অফ দ্য মাইগ্রেশন এজেন্টস রেজিস্ট্রেশন অথরিটি \(OMARA\)](#) এর সাথে মাইগ্রেশন এজেন্টদের অবশ্যই নিবন্ধিত হতে হবে। কোনো এজেন্ট নিবন্ধিত কিনা তা পরীক্ষা করতে আপনি প্রতিষ্ঠানটির ওয়েবসাইট দেখতে পারেন।

একজন ব্যক্তি নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট বা অস্ট্রেলিয়ান আইনজীবি না হলে তার পক্ষে মাইগ্রেশন পরামর্শের জন্য চার্জ নেওয়া **অবৈধ**। নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট বা অস্ট্রেলিয়ান আইনজীবি নন এমন ব্যক্তির কাছ থেকে পরামর্শের জন্য অর্থ প্রদান করলে আপনার ভুল তথ্যের উপর ভিত্তি করে কাজ করার সম্ভাবনা থেকে যায়, যার ফলে অস্ট্রেলিয়ায় **আপনার থাকার ঘোনা সুযোগ ঝুঁকির মুখ্য পড়তে পারে।**

অনিবন্ধিত মাইগ্রেশন পরামর্শদাতারা প্রায়শই সোশ্যাল মিডিয়া এবং অনলাইন চ্যাট ফ্ল্যাপে তাদের পরিষেবার বিজ্ঞাপন দেন। তারা কখনও কখনও আবেদনকারীদের সুরক্ষা ভিসার জন্য আবেদন করার সময় মিথ্যা বা বিভাসিক তথ্য দিতে বা মিথ্যা নথি সরবরাহ করতে বলে, এবং এই ভুল পরামর্শের জন্য **কেউ কেউ প্রচুর অর্থ চার্জ করে।**

যদি কেউ আপনাকে [বেআইনি অভিবাসন পরামর্শ](#) দেওয়ার চেষ্টা করে, তাহলে আপনি [বর্ডার ওয়াচ অনলাইন রিপোর্ট](#) ব্যবহার করে আমাদেরকে তা জানাতে পারেন। আপনাকে আপনার নাম জানাতে হবে না।

সম্প্রদায়ের ভূমিকা

সুরক্ষা ভিসার জন্য আবেদন করার কথা ভাবছেন এমন ব্যক্তিদের মাঝে **ভুল তথ্যের বিস্তার রোধে** অস্ট্রেলিয়ায় বসবাসকারী সম্প্রদায়গুলির প্রকৃত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে, যার মধ্যে রয়েছে আবেদনকারীদের এই তথ্য জানানো যে **সুরক্ষা ভিসা মান কাজের ভিসা নয়।**

সুরক্ষা ভিসার আবেদনে **মিথ্যা বা বিভাসিক তথ্য প্রদানের ঝুঁকি** এবং অনিবন্ধিত মাইগ্রেশন পরামর্শদাতার কাছ থেকে পরিষেবা নেয়া সম্পর্কে সম্প্রদায়গুলি সচেতনতা ছড়িয়ে দিতে সহায়তা করতে পারে।

যদি সুরক্ষা ভিসার জন্য আবেদনকারী কেউ আপনাকে তাদের জন্য একটি সহায়তা চিঠি লিখে দিতে বলে, তাহলে আপনার কেবল তখনই এটি করা উচিত যদি আপনি বিশ্বাস করেন যে ঐ ব্যক্তি একজন **আগ্রহযোগ্য আইনজীবী** যিনি গুরুতর ক্ষতির ঝুঁকিতে আছেন অথবা তারা দেশে ফিরে গেলে তাদের উপর নির্যাতনের প্রকৃত সম্ভাবনা রয়েছে।

ঐ ব্যক্তিকে তাদের স্টেট বা টেরিটরিতে একজন শরণার্থী এবং অভিবাসন বিষয়ক বিশেষজ্ঞ আইনজীবীর কাছ থেকে [বিনামূলে আইনি পরামর্শ](#) নিতে উৎসাহিত করুন।

